কাশ্মীর ইস্যুতে বিক্ষোভ করায় বাংলাদেশিদের বিরুদ্ধে ব্যবস্থা

কাশ্মীর ইস্যুতে বিক্ষোভ করায় বাহরাইনে বাংলাদেশ ও পাকিস্তানের নাগরিকের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হয়েছে। ১২ আগস্ট এ খবর প্রকাশ করেছে ইন্ডিয়া টুডে।

রবিবার ঈদের নামাজের পর বাহরাইনে দক্ষিণ এশিয়ার নাগরিকরা বিক্ষোভ প্রদর্শন করেন। কাশ্মীরের বিশেষ মর্যাদা বাতিল করায় ভারত সরকারের সমালোচনা করা হয় বিক্ষোভে। সোমবার আন্দোলনকারীদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নিয়েছে স্থানীয় পুলিশ। টুইটারে ধর্মীয় অনুষ্ঠানকে রাজনৈতিক উদ্দেশ্যে ব্যবহার না করার অনুরোধ করেছে বাহরাইন সরকার।

বিজেপি নেতৃত্বাধীন ভারতের কেন্দ্রীয় সরকার গত ৫ আগস্ট ভারতীয় সংবিধানের ৩৭০ অনুচ্ছেদ বাতিলের মধ্য দিয়ে কাশ্মীরের স্বায়ত্তশাসনের অধিকার কেড়ে নেয়। জম্মু-কাশ্মীরের গ্রীষ্মকালীন রাজধানী শ্রীনগর ওই দিন সকাল থেকে কার্যত অচলাবস্থার মধ্যে রয়েছে।